দর্শনা থানা পুলিশের পৃথক অভিযানে গাঁজা সহ ৪জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশ পৃথক ভাবে মাদকবিরোধী অভিযান চালিয়ে ১০ কেজি গাঁজা সহ ৪ জনকে গ্রেফতার করেছে। শুক্রবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ সুপার চুয়াডাঙ্গা জাহিদুল ইসলাম এর দিক নির্দেশনায় দর্শনা থানার ওসি মোঃ মাহাব্বুর রহমান কাজল নেতৃত্বে এসআই খান আঃ রহমান,এসআই আলমগীর হোসেন, এসআই শিহাব উদ্দিন, এসআই সুমন্ত বিশ্বাস, এএসআই ইদ্রিস, এএসআই আনোয়ারুল এবং সঙ্গীয় ফোর্স সহ দর্শনা থানাধীন ঝাঝাডাঙ্গা জামে মসজিদ এর সন্নিকটে এবং মেমনগর পশ্চিম পাড়ায় পৃথক পৃথক অভিযান চালিয়ে ১০(দশ) কেজি ২৫০ গ্রাম গাঁজা সহ মোট ০৪ (চার) জন আসামি গ্রেফতার করে। গ্রেফতারকৃত আসামীরা হলেন ঝাঝাডাঙ্গা (উত্তর পাড়া) গ্রামের মৃত সাইদুর রহমান এর ছেলে মোঃ সবুজ হোসেন (২২), রামনগর (বাগদী পাড়ার) স্বামী মোঃ মজুন স্ত্রী মোছাঃ আলোকা খাতুন লাইলি (২৮), মেমনগর পশ্চিম পাড়া গ্রামের মৃত রব্বুল মালিক এর ছেলে মোঃ মোক্তার হোসেন (৪০) একই এলাকার আব্দুল লতিফের ছেলে মোঃ আব্দুল কালম (৪২)।

পুলিশ আরও জানায় উভয়ই চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার বাসিন্দা এবং গ্রেফতার আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

জীবননগরে দোকান ঘর মালিক সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত

জীবননগর বাজার দোকান ঘর মালিক সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকাল ৪টার সময় জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে এ সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর বাজার দোকান ঘর মালিক সমিতির সভাপতি মোঃ নাসির

উদ্দিনের সভাপতিত্বে এ সময় বক্তব্য রাখেন, জীবননগর বাজার দোকান ঘর মালিক সমিতির সাধারন সম্পাদক ও পৌর মেয়র রফিকুল ইসলাম,সহ-সভাপতি মশিউর রহমান,সহ-সাধারন সম্পাদক ও পৌর কাউন্সিলার আবুল কাশেম,কোষাধ্যক্ষ আঃ হামিদ,জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু,সাংবাদিক মাজেদুল মিল্টন,কাজী খালিদুজ্জামান খালিদ প্রমুখ।

এ সময় বক্তারা দোকান ঘর মালিকদের বলেন যেহেতু জেলা পরিষদের চেয়ারম্যান আমাদের দাবিগুলো পুরণ করেছেন তাই আমরা সকলে নিজ দায়িত্বে জেলা পরিষদের বকেয়া খাজনাসহ হালনাগাদ খাজনা পরিশোধ করে দেওয়ার জন্য অনুরোধ জানাই ।

জীবননগরে সাপের কামড়ে কৃষকের মৃত্যু

জীবননগরে আমের ট্রে সরাতে যেয়ে বিষধর সাপের কামড়ে এক কৃষকের মৃত্যু হয়েছে। গতকাল শুক্রবার বিকালে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গঙ্গাদাশপুর গ্রামে এ ঘটনা ঘটে।

মৃত কৃষক শফিকুল ইসলাম (৪০) গঙ্গাদাশপুর গ্রামের স্কুল পাড়ার আব্দুল লতিফের ছেলে ।

স্থানীয় সুত্রে জানা গেছে, প্রতিদিনের ন্যায় গতকাল শুক্রবার সকালে কৃষক শফিকুল ইসলাম গ্রামের একটি আম বাগান মালিকের আম ভাঙ্গার জন্য যায়। আম ভাঙ্গা শেষে বিকালে একটি ঘর থেকে আম বৌঝাই করার জন্য ট্রে আনতে গেলে ঘরের মধ্যে থাকা বিষধর সাপ তাকে দংশন করেন ।

এ সময় স্থানীয় কৃষক তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার পথিমধ্যে তার মৃত্যু হয়। গঙ্গাদাশপুর ঈদগাহ মাঠে মরহুমের নামাজের জানাযা শেষে কবর স্থানে দাফন করা হয়।

আলমডাঙ্গায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলা প্রশাসন আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা জাতীয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকেল ৪ টার দিকে আলমডাঙ্গা ফুটবল মাঠে এই টুর্নামেন্টের ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন।

তিনি বলেন প্রতি বছরের ন্যায় এ বছরও আমরা উপজেলা প্রশাসন ও ক্রীড়া সংস্থার মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু জাতীয় গোল্ড কাপ খেলা অনুষ্টিত হয়েছে। করোনার কারনে আমরা এ বছর অনেক কিছু সংকুচিত করেছি। বঙ্গবন্ধু নিজেও ফুটবল খেলতেন, শেখ কামাল আবাহনী ক্রীড়া চক্র গঠন করে বাংলদেশে ফুটবলের উন্নয়ন করেছে। বর্তমানে স্কুল পর্যায় থেকে কলেজ পর্যায় পর্যন্ত বঙ্গবন্ধ, বঙ্গমাতা গোল্ড কাপ খেলার প্রচলন শুরু হওয়া, ছেলে, মেয়ে উভয়েই খেলার সুযোগ পাচ্ছে। লেখাপড়ার পাশাপাশি খেলা ধুলার বিকল্প নেই। খেলায় পুরস্কার বিতরনী সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার পুলক কুমার মন্ডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলে, আলমডাঙ্গা পৌর সভার মেয়র ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি হাসান কাদির গনু, উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, সহকারি কমিশনার ভুমি হুমায়ন কবির, ওসি তদন্ত সেলিম, কালিদাশপুর ইউপি চেয়ারম্যান নুরুল ইসলাম নুরু, ভাংবাড়ীয়া ইউপি চেয়ারম্যান কাউছার আহম্মদ বাবলু, পৌরসভার কাউন্সিলর

খন্দকার মজিবুল হক, খাদিমপুর ইউপি চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম, উপজেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক কাজী রবিউল হক প্রমুখ।

উল্লেখ্য আজকের বঙ্গবন্ধু গোল্ডকাপ ফাইনাল খেলায় দুই দলের নাম রাখা হয়,শহীদ টগর ও শহীদ নান্নু।জাতীয় গোল্ড কাপ অনুর্ধ -১৭ বালক গ্রুপের ফাইনাল খেলা ভাংবাড়ীয় ভাংবাড়ীয়া ইউনিয়ন (শহীদ টগর) বনাম খাদিমপুর ইউনিয় (শহীদ নান্নু),খেলায় ভাংবাড়ী ইউনিয়ন জয়লাভ করে।খেলার প্রথময়ার্ধে গোল শুন্য খেলা শেষ হয়।দ্বীতিয়ার্ধে ২০ মিনিটের দিকে ভাংবাড়ীয়ার খেলোয়াড় ১ টি গোল করে দলকে এগিয়ে নিয়ে যায়। লাইন্স ম্যান হটাৎ অবসাইট ধরলে খেলা বন্ধ হয়ে যায়,পরে রেফারির সিদ্ধান্ত চুড়ান্ত করে কমিটি খাদিমপুর দলকে খেলায় ফিরে আসতে অনুরোধ করলে আবারও খেলা শুরু হয়,কিন্ত গোল পরিশোধে ব্যার্থ হওয়ায় ভাংবাড়ীয়া ইউপি ফুটবল দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন।। খেলায়, রেফারীর দায়িত্ব পালন করেন মুনছুর আলী,সোহাগ আলী,হাসান আলী,মহসীন কামাল ও আবুল হোসেন।উল্লেখ্য ২টি সেমি ফাইনাল খেলায় ম্যান অব-দ্যা ম্যাচের পুরস্কার দেন মন্ডল স্পটস।এবং ২ টি খেলায় সেরা দর্শকের পুরস্কার দেন বনিক সমিতির সম্পাদক কামাল হোসেন।এ ছাড়াও ফাইনাল খেলায় সেরা খেলোয়াড়,সেরা দর্শক,রেফারি সহ ঘোষকদেরও, প্রধান অতিথি পুরস্কার তুলে দেন।

দর্শনায় বিজিবির মাদক বিরোধী অভিযানে ফেনসিডিলসহ রুবেল আটক! পৌর কাউন্সিলর আশু গ্যাড়াকলে! অবশেষে মুক্ত

দর্শনা ঈশ্বরচন্দ্রপুর গ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়েছে বিজিবি। এ অভিযানে ৩২ বোতল ফেনসিডিল সহ আটক করা হয় মাদক ব্যাবসায়ী রুবেল মিয়াকে। বিজিবির উপস্থিতি টেরপেয়ে ঘটনাস্থল থেকে

পালিয়ে যায় সিরাজুল ইসলাম নামে. এক মাদক ব্যাবসায়ী। এসময় দর্শনা পৌরসভার কাউন্সিলর আশুর উদ্দিন আশু নামের এক কাউন্সিলর পড়ে গ্যাড়াকলে। অবশেষে বিজিবির কবল থেকে হয় মুক্ত। আটককৃত আসামীর বিরুদ্ধে মামলা দায়ের করে দর্শনা থানায় হস্তান্তর করেছে বিজিবি।

বিজিবি’র মামলা সূত্রে জানা যায়, গত বুধবার ভোর রাত পৌনে ৫টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে ঝিনাইদহ মহেশপুর-৫৮ বিজিবি ব্যাটালিয়নের চুয়াডাঙ্গা জেলারজীবননগর উপজেলার উথলী বিওপি ক্যাম্পের নায়েক সাহেদ আলী সঙ্গীয় ফোর্স নিয়ে টহল দেওয়া কালে জানতে পারে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের বড় মসজিদ পাড়ার মৃত আ. মান্নানের ছেলে রুবেল মিয়ার বাড়ি অবৈধ্য মাদকদ্রব্য ভারতীয় ফেনসিডিল বিক্রির উদ্দ্যেশে তার নিজ বসত বাড়িতে অবস্থান করছে। এমন তথ্যের ভিত্তিতে মাদক ব্যাবসায়ীর বাড়িতে অবস্থান করলে বিজিবির উপস্থিতি টেরপেয়ে পালানোর চেষ্টা চালায় মাদক ব্যাবসায়ীরা। এসময় মাদক ব্যবসায়ী রুবেল মিয়াকে আটক করতে সক্ষম হলেও বিজিবির কবল থেকে পালিয়ে যায় দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন সীমান্তবর্তী পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঝাডাঙ্গা গ্রামের সিরাজুল ইসলাম নামের এক মাদক ব্যাবসায়ী।

এরপর আটককৃত মাদক ব্যাবসায়ীর স্বীকারোক্তিতে বাড়ির পার্শ্ববর্তী আশরাফ উদ্দিনের বাঁশ বাগানের ভিকর হতে একটি সাদা প্লাষ্টিকের বাজার করা ব্যাগের মধ্য হতে ৩২ বোতল ফেনসিডিল আসামী নিজ হাতে বাহির করিয়া দেয়। এবিষয়ে বিজিবি রুবেলকে আটক ও সিরাজুল ইসলামকে পালাতক আসামী করে দর্শনা থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করেছে।

স্থানীয় সূত্র জানা যায়, গত বুধবার ভোর পৌনে ৫ টার দিকে ঝিনাইদহ মহেশপুর-৫৮ বিজিবি ব্যাটালিয়নের চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার উথলী বিওপি ক্যাম্পের নায়েক সাহেদ আলী সঙ্গীয় সদস্য নিয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে দর্শনা থানাধীন পৌর এলকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের আ. মান্নানের ছেলে রুবেল মিয়ার বসত বাড়িতে।

এসময় বিজিবির উপস্থিতি টের পেয়ে মাদক ব্যবসায়ীরা পালিয়ে যাওয়ার চেষ্টা করলে রুবেল মিয়াকে আটক করতে সক্ষম হলেও সাথে থাকা অপর এক মাদক ব্যাবসায়ী পালিয়ে যায়। এরপর রুবেল মিয়াকে সাথে নিয়ে মাদক উদ্ধারে অভিযান চালায় বিজিবি। এঘটনার খবর পেয়ে ঘটনা স্থলে পৌছায়

দর্শনা পৌর সভার ৯নং ওয়ার্ড কাউন্সিলর আশুর উদ্দিন।

এরপর মাদক উদ্ধার করে দেওয়ার কথা বলে বিজিবির হেফাজত থেকে রুবেল মিয়াকে নেয় কাউন্সিলর আশুর উদ্দিন আশুর হাতে। এসময় আশুর উদ্দিনের কবল থেকে পালিয়ে যায় মাদক ব্যাবসায়ী রুবেল। যার ফলে আশুর উদ্দিনকে বিজিবি হেফাজতে বিওপি ক্যাম্পে নিয়ে যাওয়া হয়। পরবর্তীতে বেলা ১১ টার দিকে দর্শনা পৌর মেয়র সহ কাউন্সিলরেরা রুবেলকে সাথে নিয়ে যায় বিওপি ক্যাম্প বিজিবির নিকট হাজির করে পৌর কাউন্সিলর আশুর উদ্দিনকে মুক্ত করে নিয়ে আসা হয়।

এদিকে আশুকে নিয়ে গ্রাম জুড়ে নানামূখি গুঞ্জণ শুরু হয়েছে। সে কাউন্সিলর হওয়ার পর থেকে মাদক ব্যবসায়ীদের সাথে সক্ষতা রেখে চলেছে। প্রশাসনের লোকজন গ্রামের কোন ব্যাক্তিকে কোথাও মাদক সহ আটক হলেই তাকে ছাড়াতে ছুটে যান সেখানে। এরপর শুরু করে আসামী ছাড়াতে প্রশাসনের সাথে দেন-দরবার।তার সহযোগীতার কারণে মাদক ব্যাবসায়ীরা সাহস যোগীয়ে মাদক ব্যাবসায় জোড়ালো ভূমিকা রেখেছে। এছাড়া তার বিরুদ্ধে মাদক ব্যাবসায়ীদের মামলা থেকে অব্যাহতি দিতেও প্রশাসনের সাথে সখ্যতা গড়ে মাদক ব্যাবসায়ীদের সাফাই গাইতে থাকে বলে অভিযোগ উঠেছে।

দর্শনায় চুরি যওয়া ১৫৮ বস্তা গম উদ্ধার! ৮ জনের বিরুদ্ধে মামলা! আটক-১

দর্শনার বিশিষ্ট সি এ্যান্ড এফ ব্যবসায়ী রফিকুলের গমের চালান আসে ভারত থেকে। গত মঙ্গলবার দর্শনা আন্তর্জাতিক রেল ইয়ার্ড থেকে মালগাড়ির ওয়াগন থেকে আনলোড করে ট্রাকে তোলার সময় একটি সংঘবদ্ধ চোর চক্র ১৫৮ বস্তা গম চুরি করে নিয়ে পালিয়ে যায়।যার আনুমানিক গমেন মূল্য প্রায় ২ লক্ষ টাকা।

সি এ্যান্ড এফ ব্যবসায়ী রফিকুল খোজাখুজি করে কোন উপায় না পেয়ে দর্শনা থানায় অভিযোগ করলে গম উদ্ধারে মাঠে নামে পুলিশ। দর্শনা

থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান কাজলের নেতৃত্বে এসআই আঃ রহমান খান, এসআই আহম্মেদ আলী এএস আই ইদ্রিস আলী গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা পরানপুর গ্রামে অভিযান চালান।

এসময় পুলিশ দর্শনা পরানপুরের মোশারফ হোসেনের ছেলে রাকিবুল ইসলাম রাকিবের গোডাউনে অভিযান চালিয়ে রাকিবের গোডাউন থেকে চুরি হওয়া ১৫৮ বস্তা গম উদ্ধার করে।

এ ঘটনায় গোডাউনের মালিক রাকিবকে গ্রেফতার করে। এ ঘটনায় সি এ্যান্ড এফ ব্যবসায়ী রফিকুল ইসলাম বাদি হয়ে চোর চক্রের মৃল হোতা রাকিব, খালেকের ছেলে ঘটু ওরফে সোহাগ, নজরুল ইসলামের ছেলে মৃলকো, পর্বতের ছেলে মহন খালেকের ছেলে সেন্টু, মেজেবাবুর ছেলে ইউনুছ, কালু, আব্বাস আলীর ছেলে সহ ৮ জনের নাম উল্লেখ করে ৫/৬ জন অজ্ঞাত করে দর্শনা থানায় মামলা দায়ের করেছেন।

জীবননগর সীমান্ত ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান হলেন আঃ কাদের

জীবননগর উপজেলার ৪নং সীমান্ত ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসাবে দায়িত্বভার গ্রহন করলেন সীমান্ত ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান আব্দুল কাদের।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার সময় সীমান্ত ইউনিয়ন পরিষদে আনুষ্ঠানিক ভাবে আব্দুল কাদেরকে ৪নং সীমান্ত ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসাবে দায়িত্বভার বুঝিয়ে দেওয়া হয়।

এ সময় উপস্থিত ছিলেন ৪নং সীমান্ত ইউনিয়ন পরিষদের সচিব শাহিন বাবু, সীমান্ত ইউপি সদস্য ইমাদ উদ্দিন, আরজাম আলী, আব্দুল আলীম, জহুরুল ইসলাম প্রমুখ।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

আলমডাঙ্গা নাগদহ মাধ্যমিক বিদ্যালয়ে গণ গ্রন্থগারের ভিত্তিপ্রস্তর স্থাপন

আলমডাঙ্গার নাগদহ মাধ্যমিক বিদ্যালয়ে গণগ্রন্থাগারের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে।
গতকাল বুধবার সকাল ১১ টার দিকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার আনুষ্ঠানিকভাবে ফলক উন্মোচন করে ও নির্মাণ কাজের উদ্বোধন করেন। আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের বাস্তবায়নে নাগদহ মাধ্যমিক বিদ্যালয়ে গণগ্রন্থাগারের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে।

উক্ত ভিত্তিপ্রস্তর স্থাপন কালে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা পুলক কুমার মন্ডল, আলমডাঙ্গা সহকারি কমিশনার ভূমি হুমায়ুন কবির, আলমডাঙ্গা উপজেলা প্রকৌশলী এলজিইডিআব্দুর রশিদ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, আলমডাঙ্গা উপজেলা সার্ভেয়ার আবু সালেহ, নাগদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম, মুন্সিগঞ্জ ফাঁড়ী পুলিশের আইসি এসআই আছের আলী, ইউনিয়ন সহকারী ভুমি কর্মকর্তা খাইরুল কবির, নাগদহ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনান্দ কুমার শীল, সহকারী প্রধান শিক্ষক আক্তার হোসেন প্রমূখ।

আলমডাঙ্গায় ছাগলে ঘাস খাওয়ায় বৃদ্ধকে মারপিটের অভিযোগ

আলমডাঙ্গার এনায়েতপুর গ্রামে ছাগলে ঘাস খাওয়াকে কেন্দ্র করে বৃদ্ধকে মারপিট করা অভিযোগ উঠেছে। গত মঙ্গলবার বিকেলে উপজেলার বাড়াদি ইউনিয়নের এনায়েতপুর মাঠের মধ্যে এ ঘটনাটি ঘটে।

মারপিটের ঘটনায় বৃদ্ধ নবিছদ্দিন গুরুত্বর আহত অবস্থায় স্থানীয়রা

উদ্ধার করে হাসপাতালে পাঠায়। জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বাড়াদি ইউনিয়নের এনায়েতপুর গ্রামের সিদ্দিকের ছেলে সাহাবুল (৩৮) সে জলিপিলি মাঠে ঘাসের চাষ করে।

ওই মাঠে বৃদ্ধ নবিছদ্দিন ছাগল রাখতে যায়। তার ছাগল গুলো ঘাসের ক্ষেতে ঢুকে ঘাস খাওয়ায় বৃদ্ধ নবিছদ্দিনকে বিভিন্ন ভাষায় গালিগালাজ করে। এ সময় নবিছদ্দিন তার ছাগলে ঘাস খাওয়ায় সাহাবুলের নিকট ক্ষমাও চায়।

তারপরও সাহাবুল ক্ষিপ্ত হয়ে বাঁশ দিয়ে বৃদ্ধ নবিছদ্দিনকে বেধড়ক মারপিট করে। এতে সে গুরুত্বর আহত হয়। দ্রুত স্থানীয়রা উদ্ধার করে হারদি স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করে। মারপিটের ঘটনায় বৃদ্ধার একটি পা ভেঙে যায়।

এ ঘটনায় আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।